সাংবাদিকদের প্রতিবাদে অনুষ্ঠান থেকে বাদ পড়লেন পরীমনি



চিত্রনায়িকা পরীমনি। ছবি: সংগৃহীত

সাংবাদিকদের আপত্তি ও প্রতিবাদের পর চট্টগ্রামের ‘ফ্যাশন ভ্যানগার্ড অ্যাওয়ার্ড ২০২৬’ অনুষ্ঠান থেকে চিত্রনায়িকা পরীমনিকে বাদ দিয়েছে আয়োজক কমিটি। শনিবার (৭ নভেম্বর) দুপুরে সংবাদমাধ্যমকে এ সিদ্ধান্তের কথা জানায় আয়োজকরা।

আয়োজকরা জানান, ঢাকা আদালত চত্বরে সাংবাদিকের সঙ্গে পরীমনির অপ্রীতিকর ঘটনার ১৭ দিন আগেই অনুষ্ঠানে তাঁর অংশগ্রহণের বিষয়ে চুক্তি হয়েছিল। তবে সংবাদকর্মীর সঙ্গে অসম্মানজনক আচরণের অভিযোগ এবং চট্টগ্রামের সাংবাদিকদের প্রতিবাদের মুখে তাঁকে অতিথি তালিকা থেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। একই সঙ্গে সাংবাদিকদের দাবির প্রতিও সমর্থন জানান আয়োজকরা।

এর আগে শুক্রবার রাতে নিজের ফেসবুক অ্যাকাউন্টে ‘চট্টগ্রাম ফ্যাশন ভ্যানগার্ড অ্যাওয়ার্ড ২০২৬’-এর পোস্টার শেয়ার করে পরীমনি লিখেছিলেন, ‘দেখা হচ্ছে প্রিয় চট্টগ্রাম।’

পরে পোস্টারটি শেয়ার করে আয়োজকদের দৃষ্টি আকর্ষণ করেন চট্টগ্রাম প্রেসক্লাবের সাবেক কার্যনির্বাহী সদস্য ও কালের কণ্ঠের প্রতিবেদক ফারুক মুনির। তিনি লেখেন, ‘এই প্রোগ্রামের আয়োজকদের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সহকর্মী দৈনিক সমকালের রবির কাছে প্রকাশ্যে ক্ষমা চেয়ে, তার মায়ের কাছে ক্ষমা চেয়ে বিষয়টি মিটমাট না করলে আপনারা বিকল্প অতিথি খুঁজে নিন।’

ফারুক মুনিরের ওই পোস্টের পর চট্টগ্রামে কর্মরত সাংবাদিকদের মধ্যে ক্ষোভ ও প্রতিবাদ দেখা দেয়। এর পরিপ্রেক্ষিতে পরীমনিকে বাদ দিয়ে অনুষ্ঠানের সংশোধিত পোস্টার প্রকাশ করেন আয়োজকরা।